**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 12-03-2026** **Desk in Charge : SDG**

**Time : 7-50PM** **Compiling: DSS**

**DEO: KB** **NRT : DSS**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ রবীন্দ্র নারায়ণ রবি আজ পশ্চিমবঙ্গের ২২-তম রাজ্যপাল হিসাবে শপথ নিয়েছেন।

২/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী শনিবার ১৪'ই মার্চ এ রাজ্যে আসছেন। সফরকালে তিনি কলকাতায় ১৮ হাজার ৬৮০ কোটি টাকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন।

৩/ পশ্চিম এশিয়ায় সংঘর্ষের জেরে এরাজ্যে জ্বালানি সংকটের মতো পরিস্থিতি তৈরির যে আশঙ্কা দেখা দিয়েছে, তার সমাধানের পথ খুঁজতে রাজ্য সরকার খোলা বাজারে আরও নজরদারির উপরে জোর দিচ্ছে। #রাজ্যে রান্নার গ্যাসের কৃত্রিম সংকট তৈরি করা হয়েছে বলে বিজেপি অভিযোগ করেছে। # কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিং পুরী জানিয়েছেন, দেশে পর্যাপ্ত পরিমাণে অপরিশোধিত তেল মজুত রয়েছে।

৪/ রাজ্যের SIR নিয়ে আজ কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির নেতৃত্বে ফের একদফা বৈঠক। # রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতিতে সবকটি বিধানসভা কেন্দ্রের জন্যই রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে।

৫/ সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী অবিলম্বে রাজ্য সরকারি কর্মীদের বকেয়া DA প্রদান সহ বিভিন্ন দাবীতে সংগ্রামী যৌথ মঞ্চ, যৌথ মঞ্চ এবং সরকারি কর্মচারী পরিষদ আগামীকাল ধর্মঘটের ডাক দিয়েছে। # এদিকে, আগামীকালেরে ধর্মঘটে বিশেষ কারণ ছাড়া সব সরকারি কর্মচারীর ছুটি বাতিল করা হয়েছে।

******************************************************************

রবীন্দ্র নারায়ণ রবি আজ পশ্চিমবঙ্গের ২২-তম রাজ্যপাল হিসাবে শপথ নিয়েছেন। লোক ভবনের সর্দার প্যাটেল ইউনিটি হলে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল তাঁকে পদ ও মন্ত্রগুপ্তির শপথ বাক্য পাঠ করান।

( বাইট- আর এন রবি)

উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়, মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী, স্বরাষ্ট্র সচিব জগদীশ প্রসাদ মিনা, রাজ্য মন্ত্রিসভার একাধিক সদস্য, বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু, বিভিন্ন দূতাবাসের প্রতিনিধিরা। এর আগে নতুন রাজ্যপালকে প্রথামাফিক গার্ড অফ অর্নার দেওয়া হয়। শপথ গ্রহণের পরই মুখ্যমন্ত্রী সহ অন্যান্যদের সঙ্গে সাক্ষাৎ করেন নবনিযুক্ত রাজ্যপাল।

উল্লেখ্য গত ৫ই মার্চ ডক্টর সি ভি আনন্দ বোস পদত্যাগ করার পর নতুন রাজ্যপাল হিসাবে আর এন রবির নাম ঘোষণা করা হয়। এর আগে তিনি নাগাল্যান্ড, মেঘালয় এবং তামিলনাড়ুর রাজ্যপাল হিসাবেও দায়িত্ব পালন করেছেন।

************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী শনিবার ১৪'ই মার্চ এ রাজ্যে আসছেন। সফরকালে তিনি কলকাতায় ১৮ হাজার ৬৮০ কোটি টাকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। এর মধ্যে আছে ১৬ হাজার ৯৯০ কোটি টাকা মূল্যের ৪২০ কিলোমিটারের'ও বেশী দৈর্ঘের বেশ কয়েকটি জাতীয় সড়ক প্রকল্প। শ্রীমোদী, জাহাজ ও বন্দর সংক্রান্ত কয়েকটি প্রকল্পের'ও উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

এছাড়াও প্রধানমন্ত্রী পুরুলিয়া-আনন্দবিহার এক্সপ্রেস ট্রেনের যাত্রা শুরুর সঙ্কেত দেবেন, 'অমৃত ভারত স্টেশন প্রকল্পে'র আওতায় পুনর্গঠিত ছ'টি স্টেশনের'ও উদ্বোধন করবেন তিনি। পশ্চিম মেদিনীপুরের বেলদা ও দাঁতনের মধ্যে ১৬ কিলোমিটার দীর্ঘ তৃতীয় রেল লাইন এবং কলাইকুন্ডা ও কানিমহুলির মধ্যে স্বয়ংক্রিয় ব্লক সিগনালিং ব্যবস্থাও জাতির উদ্দেশে উৎসর্গ করবেন প্রধানমন্ত্রী।

সরকারি সূত্রে জানা গেছে, শনিবার দুপুরে অসমের শিলচর থেকে কলকাতায় পৌঁছনোর পর ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে প্রধানমন্ত্রী প্রশাসনিক সভার পাশাপাশি বিজেপির পরিবর্তন যাত্রার সমাপ্তি উপলক্ষ্যে এক জনসভায় অংশ নেবেন।

জনসভা শেষে ব্রিগেড থেকে হেলিকপ্টারে কলকাতা বিমানবন্দরে পৌঁছে সেখান থেকেই দিল্লির উদ্দেশে রওনা দেবেন প্রধানমন্ত্রী।

এদিকে, শনিবার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে প্রধানমন্ত্রীর প্রশাসনিক জনসভায় উপস্থিত থাকার জন্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে আমন্ত্রণ জানানো হয়েছে। কেন্দ্রীয় সড়ক পরিবহন মন্ত্রী নীতিন গড়করি তাঁকে আমন্ত্রণ জানিয়ে চিঠি দিয়েছেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

**************************

পশ্চিম এশিয়ায় সংঘর্ষের জেরে এরাজ্যে জ্বালানি সংকটের মতো পরিস্থিতি তৈরির যে আশঙ্কা দেখা দিয়েছে, তার সমাধানের পথ খুঁজতে রাজ্য সরকার খোলা বাজারে আরও নজরদারির উপরে জোর দিচ্ছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে আজ নবান্নে এসংক্রান্ত এক ভার্চুয়াল বৈঠকে প্রতিটি জেলায় একজন করে নোডাল আধিকারিক নিয়োগের নির্দেশ দেওয়া হয়। কালোবাজারির চেষ্টা, অবৈধ মজুত সহ সব কিছুর উপরে নজরদারির জন্যে সরকার ২৪ ঘন্টার একটি কন্ট্রোল রুম চালু করেছে। এর নম্বর হল- ১০৭০ এবং ০৩৩ ২২১৪-৩৫২৬।

এই কন্ট্রোল রুম থেকে রাজ্যে LPG সরবরাহ মজুতের পরিমাণের ওপর নজরদারির পাশাপাশি জেলা প্রশাসন, গ্যাস ডিস্ট্রিবিউটার ও তেল বিপননকারী সংস্থাগুলির সঙ্গে সমন্বয় রাখা হবে। গ্যাস, কেরোসিন, পেট্রোল, ডিজেল, CNG সরবরাহের উপর নিয়মিত নজরদারির জন্য ৫ জন আইপিএস আধিকারিককে নিয়ে কমিটি তৈরি করা হয়েছে। থাকবেন সচিবরাও। তার নেতৃত্বে থাকবেন মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী।

তেল বিপননকারী সংস্থাগুলিকে রাজ্যের শহরতলী ও গ্রামীন এলাকায় গার্হস্থ, গ্রাহক, হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান, সরকারি হোমে গ্যাস সরবরাহ স্বাভাবিক রাখা সুনিশ্চিত করতে বলা হয়েছে। গ্যাস নিয়ে সাধারণ মানুষের কোন অভিযোগ থাকলে তা

জানানোর জন্যে দুটি হেল্পলাইন নম্বর চালু করা হয়েছে। যার নম্বর ০৩৩-৪৯৫০-৬১০১ এবং ৩৫০২- ৬২১৪।

*************************

এদিকে, তৃণমূল কংগ্রেস গ্যাসের জোগান নিয়ে পশ্চিমবঙ্গের মানুষকে আতঙ্কিত করতে চাইছে বলে বিজেপি অভিযোগ করেছে। দলের সাংসদ ডক্টর সুকান্ত মজুমদার সংসদ ভবন চত্বরে আজ সাংবাদিকদের বলেন, তৃণমূল কংগ্রেস রাজ্যে ভুয়ো সংকট তৈরী করে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছে।

দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য অভিযোগ করেছেন, তৃণমূল কংগ্রেস পরিকল্পনামাফিক রাজ্যে গ্যাসের কৃত্রিম অভাব তৈরী করছে।

( বাইট- শমীক )

বিজেপির রাজ্য সহসভাপতি দেবশ্রী চৌধুরী কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বলেন, এই সংকট শুধুমাত্র পশ্চিমবঙ্গ নয়, সারা দেশ তথা সারা বিশ্বেই তৈরি হয়েছে। কেন্দ্রীয় সরকার এই সংকট মোকাবিলায় তৎপর, কিন্তু রাজ্যে উদ্দেশ্যপ্রণোদিতভাবে সংকটকে বাড়িয়ে তোলা হচ্ছে।

( বাইট-দেবশ্রী চৌধুরী )

*************************

কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিং পুরী বলেছেন, দেশে পর্যাপ্ত পরিমাণে অপরিশোধিত তেল মজুত রয়েছে।

তিনি আজ লোকসভায় পশ্চিম এশিয়ায় সংঘর্ষের দরুণ বিশ্ব জুড়ে জ্বালানি সংকটের প্রেক্ষিতে সরকারের গৃহীত ব্যবস্থা নিয়ে লোকসভায় এক বিবৃতি দেন। শ্রী পুরী জানান, রান্নার গ্যাসের অভ্যন্তরীণ সরবরাহ স্বাভাবিক এবং গ্যাস বুকিং-এর আড়াই দিনের মধ্যে সিলিন্ডার বাড়ি বাড়ি পৌঁছে যাবে। সরকার ৩৩ কোটি পরিবার, বিশেষত দরিদ্র, পিছিয়ে পড়া শ্রেণীর মানুষের জন্য নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ সুনিশ্চিত করতে বদ্ধ পরিকর বলেও মন্ত্রী উল্লেখ করেন। একইসঙ্গে দেশে পেট্রোল, ডিজেল, কেরোসিন ও বিমানের জ্বালানি-ATF-এর'ও কোনো ঘাটতি নেই বলে তিনি আশ্বাস দেন। দেশের

সমস্ত খুচরো বিপণিতে'ও এর মজুত ভান্ডার পর্যাপ্ত পরিমাণে রয়েছে এবং সরবরাহ শৃঙ্খল'ও স্বাভাবিক। শোধনাগারগুলিতেও উৎপাদনের হার যথেষ্ট বেশী এবং কোনো কোন ক্ষেত্রে তা' ১০০ শতাংশ ছাড়িয়ে যাচ্ছে।

( বাইট- হরদীপ সিং )

*************************

রান্নার গ্যাসের ঘাটতির আশঙ্কা ও গ্যাসের ব্যাপক মূল্যবৃদ্ধির প্রতিবাদে কংগ্রেস আজ কলকাতায় বিক্ষোভ কর্মসূচি পালন করে।

*************************

আজকের প্রসঙ্গে এবারে শুনবেন আলোচনা *রাইসিনা ডায়ালগ*। অধ্যাপক অনীক চ্যাটার্জীর সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।

আকাশবাণী সংবাদ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি ও DTH প্রচার তরঙ্গ এবং সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*************************

রাজ্যের SIR নিয়ে আজ কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির নেতৃত্বে ফের একদফা বৈঠক বসে। বৈঠকের পর নির্বাচন কমিশন নিযুক্ত বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত জানালেন, মুলত এসয়াইয়ারের যে অতিরিক্ত তালিকা প্রকাশ করা হবে তা নিয়েই আলোচনা হয়েছে। এই তালিকা প্রকাশের জন্য সফটওয়্যারের কি ধরনের পরিবর্তন প্রয়োজন সেসব নিয়েও কথাবার্তা হয়। যাদের নাম বাদ যাচ্ছে তাদের আপিল শোনার জন্য সুপ্রিমকোর্ট যে বিচারপতিদের নিয়ে ট্রাইব্যুনাল গঠনের নির্দেশ দিয়েছে সে ব্যাপারে এখনো কোন আলোচনা হয়নি বলে জানিয়েছেন বিশেষ পর্যবেক্ষক । তবে এই বিষয়ে প্রধান বিচারপতিই সিদ্ধান্ত গ্রহণ করবেন বলে জানিয়েছেন সুব্রতবাবু।

*************************

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতিতে সবকটি অর্থাৎ ২৯৪ টি বিধানসভা কেন্দ্রের জন্যই রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে। এই বিধানসভা আসনগুলির

জন্য ন্যুনতম মহকুমা শাসক পর্যায়ের প্রশাসনিক আধিকারিকদের দায়িত্ব দেওয়া হয়েছে।

************************

তৃণমূল কংগ্রেস, মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনতে চলেছে। দলের সাংসদ, আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায় আজ সংসদ ভবন চত্বরে সাংবাদিকদের বলেন, তৃণমূল ছাড়াও অন্যান্য বিরোধী দলের প্রায় ১৫০ জন সাংসদ এতে সমর্থন জানিয়েছেন। লোকসভা অধ্যক্ষের কাছে শীঘ্র এই প্রস্তাব জমা দেওয়া হবে।

উল্লেখ্য, রাজ্যে SIR প্রক্রিয়া নিয়ে মুখ্য নির্বাচনী আধিকারিকের ভুমিকায় অসন্তুষ্ট তৃণমূল কংগ্রেস তাঁর বিরুদ্ধে আগেই অনাস্থা প্রস্তাব আনার কথা জানায়।

************************

রাজ্যসভায় আজ পশ্চিমবঙ্গে 'এনিমি প্রপার্টি' নিয়ে এক গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করা হয়। এতে বলা হয়েছে, দেশের মধ্যে সবচেয়ে বেশি 'এনিমি প্রপার্টি' রয়েছে এরাজ্যেই- প্রায় ৪ হাজার ৩৭৬টি। বিজেপির রাজ্য সভাপতি, রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য আজ এই তথ্য জানিয়ে উদ্বেগ প্রকাশ করেন।

************************

সুপ্রিম কোর্টের রায় অনুযায়ী অবিলম্বে রাজ্য সরকারি কর্মীদের বকেয়া DA প্রদান সহ বিভিন্ন দাবীতে সংগ্রামী যৌথ মঞ্চ, যৌথ মঞ্চ এবং সরকারি কর্মচারী পরিষদ আগামীকাল ধর্মঘটের ডাক দিয়েছে। বকেয়া DA প্রদানে শিক্ষক , শিক্ষিকা, পঞ্চায়েত ও পৌরকর্মচারীদের বাদ দেওয়ার জন্য রাজ্য সরকারের সুপ্রিম কোর্টে আবেদন দাখিলের চক্রান্ত ও তার প্রতিবাদে, তাদেরও এই ধর্মঘটে সামিল করা হয়েছে।

বকেয়া মহার্ঘ ভাতা ইস্যুতে বিভিন্ন সরকারি কর্মচারী সংগঠনের ডাকা আগামীকালের ধর্মঘটে বিশেষ কারণ ছাড়া সব সরকারি কর্মচারীদের ছুটি বাতিল করা হয়েছে। নবান্নে আজ অর্থ দপ্তর থেকে জারি করা বিজ্ঞপ্তিতে আগামীকাল কোন কর্মী নির্দিষ্ট কারণ ছাড়া অফিসে অনুপস্থিত থাকলে সার্ভিস বুকে লাল দাগ ছাড়া তার একদিনের বেতন কাটা হবে বলে জানানো হয়েছে। তবে কোনো কর্মী যদি অসুস্থতার কারণে

হাসপাতালে ভর্তি থাকেন, মাতৃত্বকালীন ছুটি বা চিকিৎসা জনিত কারণে ছুটিতে থাকলে সেই ক্ষেত্রে তার অনুপস্থিতিকে আলাদাভাবে বিবেচনা করা হবে বলে জানানো হয়েছে।

*************************************************************************